গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার
*www:unorajnagar.mopa.gov.bd*

সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর আলোকে অনুর্ধ্ব ২০ (কুড়ি) একর পর্যন্ত জলমহাল বন্দোবস্ত গ্রহনের লক্ষ্যে আবেদন আহবান বিজ্ঞপ্তি

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা রাজনগর উপজেলার অনুর্ধ্ব ২০ (কুড়ি) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্ন তফসিলভূক্ত জলমহালসমূহ ১৪২৭ বাংলা থেকে ১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমিতির সমিতির নিকট ইজারা প্রদানের জন্য নিন্মোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে । আবেদনপত্রসমূহ প্রতিদিন অত্রাফিস থেকে অফিস চলাকালীন নিন্মবর্ণিত পর্যায়ে ৫০০/= (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা করে সংগ্রহ ও অত্রাফিসে দাখিল করা যাবে। এক পর্যায়ে বিক্রিত আবেদন পরবর্তী পর্যায়ে গ্রহণযোগ্য হবে না। উল্লিখিত পর্যায়ে অবিক্রিত জলমহাল পরবর্তী পর্যায়ে ক্রমান্বয়ে বন্দোবস্ত দেয়া হবে ।

আবেদনপত্র ক্রয় এবং দাখিলের তারিখ ও সময়

| পর্যায় নং | আবেদনপত্র ক্রয় ও দাখিলের তারিখ | | মন্তব্য |
|---|---|---|---|
| | হতে | পর্যন্ত | |
| ১ম | ০১/০৭/২০২০ খ্রিঃ | ১৫/০৭/২০২০ খ্রিঃ | |
| ২য় | ৩০/০৭/২০২০ খ্রিঃ | ১৩/০৮/২০২০ খ্রিঃ | ১ম পর্যায়ে অবিক্রিত জলমহালের জন্য |
| ৩য় | ২০/০৮/২০১৬ খ্রিঃ | ২৫/০৮/২০২০ খ্রিঃ | ২য় পর্যায়ে অবিক্রিত জলমহালে জন্য |

১৪২৭ বাংলা থেকে ১৪২৯ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রঃ নং | জলমহালের নাম | তপসিল | | | সরকারি ধার্য্যকৃত ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং | পরিমাণ (একর) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ছোট হাওর বিল | হাওর কাউয়া দিঘী | ২১০০ | ১.২৭ | ১০,৫০০/- | |
| ২ | নয়াচাপড়া বিল | হাওর কাউয়া দিঘী | ৮১১৫ গং | ১.৬৫ | ৪০৭৫/- | |
| ৩ | ভেড়াখাই বিল | আব্দুল্লাপুর | ৪৬২,৫১৯ | ১.৬৭ | ৯৩৮/- | |
| ৪ | আকালী নদীর উপর অংশ | রক্তা,পাঁচগাঁও | ----- | --- | ৫৮৮৭/- | |
| ৫ | দলদলিয়া বিল | আদমপুর | ৫৪৭৯ | ১৫.৮৩ | ৭০০০/- | |
| ৬ | বালিজুরী গাং | উত্তরভাগ | ৩০৬৯ | ১.৮৪ | ৪০০০/- | |
| ৭ | বড়বিল | চানভাগ | ২৩১৫ | ৯.৩২ | ৪০০০/- | |
| ৮ | উত্তরভাগ পুকুর | উত্তর ভাগ | ৭৫৭৬ | ০.৪৪ | ১২০৮/- | |
| ৯ | মেদিনীমহল পুকুর | মেদিনীমহল | ৮৫৯ | ০.৪৪ | ১৪০০/- | |
| ১০ | মুজেফরপুর পুকুর | মুজেফরপুর | ২০ | ০.৬০ | ১৬০০/- | |
| ১১ | আদম পুকুর | হাওর করাইয়া | ৪০৬৭ | ০.২০ | ১২০০/- | |
| ১২ | দক্ষিনভাগ পুকুর | দক্ষিন ভাগ | ৬৭৭০ | ০.৩০ | ১৩১০/- | |
| ১৩ | শ্বাসমহল পুকুর | শ্বাসমহল | ২৩৮ | ০.৪৪ | ১৪৭০/- | |
| ১৪ | একাসন্তোষ পুকুর | একাসন্তোষ | ১৩৭ | ০.২২ | ৪২০০/- | |
| ১৫ | কদমহাটা খাল | তাহারলামু | ৬৭০ গং | ৩.৭৮ | ১৭৮৫/- | |
| ১৬ | ফরিদপুর মৌজার সরকারি অংশ ডোবা | ফরিদপুর | ১৮৪৪ | ০.৯৬ | ১৮৭০/- | |
| ১৭ | নিজগাঁও পুকুর | নিজগাঁও | ২০০৩ | ০.৩৭ | ৪২০০/- | |
| ১৮ | অন্তেহরি পুকুর | অন্তেহরি | ৯৬৫ | ০.৩৫ | ১২৬০/- | |
| ১৯ | বড়গাঁও পুকুর | বড়গাও | ২১৫১,২১৫২ | ০.৫১ | ১০৫০/- | |
| ২০ | বালিগাও বরোপিট | বালিগাঁও | ১ | ০.৮৫৫০ | ৫৮,৩৮০/- | |
| ২১ | গজানাই কান্দি খাসডোবা | দক্ষিনভাগ,গজনাইকান্দি | ৯৬৪,৬১২ গং | ০.২৫ | ১১,৮১৩/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২২ | কালিয়া হুগলা বিল | আব্দুল্লাপুর | ১৫৭,২৯৯,৩১৫ | ৩.৯৯ | ৫০০০/- | |
| ২৩ | নলুয়া নদী ১ম খন্ড | উত্তরভাগ | ২৬৩৩ গং | ৫.২৬ | ৬,৩০০/- | |
| ২৪ | বলিতা বিল | উত্তরভাগ | ৪২১,৪৩১ | ৯.৪৫ | ৮৯,১৩৮/- | ১৪/২০১৫ নং স্বত্ব মামলা জড়িত |
| ২৫ | রাজাপুর খাস পুকুর | রাজাপুর | - | - | ৭৬২/- | |
| ২৬ | বেতাহুঞ্জা পুকুর | বেতাহুঞ্জা | ২১ | ০.৪১ | ১,১০০/- | |
| ২৭ | কাপনিয়া বিল | হাওর কাউয়াদিঘী | ৫৬২,৫৫৫,৪৯৬,৪৩০,৫১০,৮০৫ | ১৯.০০ | ১,৫২,৭৮৯/- | ১৬/২০১০ নং স্বত্ব মামলা জড়িত |
| ২৮ | পেকুয়া বিল | হলদিগুল,রাজাপুর | ৪৪০,৪৪৪,১০৭ | ১.২৮ | ৬,৩০০/- | |
| ২৯ | বাচাডুবি | হাওর কাউয়া দিঘী-৮ | ৮৪২ | ৩.৮৭ | ৫,২৫০/- | ১৪/২০১৫ নং স্বত্ব মামলা জড়িত। |
| ৩০ | উড়বিল | চান্দভাগ | | ৯.৩২ | | |
| ৩১ | মোকামবাজার মরা গাং | বেড়কুড়ি | ৬০৪৪ | ১.৩৫ | ১৩০২০/- | |
| ৩২ | চরুয়া বিল | চরুয়া-৮৪ | ০৫,১৪ | ০২.৫৫ | ৫,৭৪,৩৩৭/- | |
| ৩৩ | হুলাহুলি বিল | হাওর কাওয়া দিঘী-৮ | ৬২০২,৬২০৫,৬২০০ | ৬.৩৬ | ৩,১৮,৮২৮/- | |
| ৩৪ | ব্রাম্মনগ্রাম খাস পুকুর | ব্রাম্মনগাঁও-৬১ | ৩৯৬ | ০.৩৪ | ৭৭৫৭/- | |
| ৩৫ | কৈয়া বিল | বেতাহুঞ্জা-১৩ | ২৭২৪,২৬৩৯ | ৫.২৪ | ৫১৪৫৭/- | |
| ৩৬ | চন্ডিপুর খাস পুকুর | চন্ডিপুর | ৭৩ | ০.৪২ | ২৯৯৭/- | |
| ৩৭ | ধনিয়া বড় ইউরি | হাওর কাউয়াদিঘী-৮ | ২১৩১ | ১৯.৫০ | ৬,২৬,৬৫৭/- | ৯১/২০১৪ নং স্বত্ব মামলা জড়িত। |
| ৩৮ | বাগান বিল | কাশিমপুর-৪ | ১৭৩ | ১.২৩ | ১২৫৪২/- | |
| ৩৯ | বড়জিরা বিল ও বাশঁতলা খাল | | | | ১,৭০৩/- | ৪/১৯৮০ নং স্বত্ব মামলায় স্থায়ী নিষেধাজ্ঞা |
| ৪০ | ছোট জিরা বিল | | | | ১,৪১৫/- | |
| ৪১ | অন্তেহরি খাল | অন্তেহরি | ৯৬৫,৩৬০০,১০৪১ | ০.৮৫ | ২২০৫০/- | |
| ৪২ | আশ্রাকাপন পুকুর | আশ্রাকাপন-৯৮ | ৩৯১,৩৯২ | ০.৫৭ | ৫৬২৩/- | |
| ৪৩ | নলুয়া নদী ৩য় খন্ড | কামালপুর-১৮<br>হলদিগুল-৩১<br>লালাপুর-২২<br>বক্সিপুর-১৯ | ১৫৪,২৫৬,২৬,৪৩১,৮৯৪,৮৯৫,৭২৪ | ১৪.৭৩ | ১২৬৭৮/- | |
| ৪৪ | মনু নদী ৯ম খন্ড | | | | ১১০২৫/- | |
| ৪৫ | নলুয়া নদী ২য় খন্ড | উত্তরভাগ-৩২ | ২৬৩৩,২৮৫৮ | ৫.২৬ | ৪০,২৪১/- | |
| ৪৬ | কালাইকোনা মরা গাং | কালাইকোনা-১২৮ | ১৬১,২২৯ | ১২.৭২ | ৪২২৫৪/- | |
| ৪৭ | কাঠিটিকা বিল | অন্তেহরি-০৩,মোহাম্মদপুর-০৫ | ১৮৮,২৪৫,২৮৫ | ৪.০১ | ১,৪০,৪১/- | |
| ৪৮ | চরুয়া পদ্মা বিল | মিঠুপুর লামা-৫০ | ৩১০,১৯৭ | ৬.৭৭ | ৫৫,৯৭৫/- | |
| ৪৯ | নাগরি গাং | হাওর কাউয়াদিঘী | | | ৬১৬৬/- | |

স্বাক্ষরিত
(প্রিয়াংকা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২

<u>শর্তাবলী/নিয়মাবলী</u> ঃ

১। জলমহালসমূহ কেবল নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) প্রকৃত মৎস্যজীবী সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে । তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবিদের (১৮-৩৫ বৎসর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না ।

২। সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ০২ (দুই) বৎসরের অডিট রিপোর্টও দাখিল করতে হবে । তবে নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণের প্রয়োজন হবে না।

৩। আবেদনপত্রের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির তাদের নির্বাহী সদস্য/সাধারণ সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে । অন্যথায় আবেদন বাতিল বলে বিবেচিত হবে ।

৪। আবেদনপত্রের সাথে প্রাপ্ত সদস্যদের তালিকা যাচাই-বাছাইয়ের ভিত্তিতে প্রকৃত মৎস্যজীবী হিসেবে প্রমাণিত হতে হবে।

৫। সরকার নির্ধারিত ইজারামূল্য অপেক্ষা কম মূল্যে কোন জলমহাল ইজারা দেয়া হবে না ।

৬। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্ধারিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে । তাছাড়া আবেদনকারী সংগঠন/সমিতি ০৩ (তিন) বৎসর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করবে হবে । কোন আবেদন অসম্পূর্ণ হলে তা বাতিলযোগ্য হবে ।

৭। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দেবস্তের অযোগ্য বিবেচিত হবে ।

৮। স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী সে সকল প্রকৃত মৎস্যজীবী সংগঠনকে অগ্রাধিকার প্রদান করা হবে । যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি পাওয়া না যায়, তবে সেক্ষেত্রে পার্শ্ববর্তী মৎস্যজীবি সংগঠন/সমিতিকে বিবেচনা করা হবে । নিকটবর্তী/তীরবর্তী নির্ণয়ে সমিতির নিবন্ধনকালীন ঠিকানাকে কেন্দ্র করে দুরত্ব নির্ণয় করা হবে ।

৯। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থকেলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না ।

১০। আবেদনের সাথে ইজারামূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার জামানত হিসেবে দাখিল করতে হবে । লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে । তবে লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে ।

১১। সময়মতো লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারনে লীজ বাতিল করে পুনরায় তা লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১২। জলমহাল বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করবেন । উপজেলা নির্বাহী অফিসার সময়ে সময়ে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিন পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১৩। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না । যদি তা করা হয়, তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে ।

উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৪। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না ।

১৫। প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১' নং কোডে জমা প্রদান করতে হবে । সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদনপূর্বক জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে ।

১৬। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে । পরবর্তী বছরসমূহের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে । নির্ধারিত তারিখের মধ্যে সমূদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিলপূর্বক জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে । ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না ।

১৭। জলমহালের ইজারা মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন তা পাবে না।

১৮। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

১৯। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

২০। বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২১। যে সকল জলমহাল থেকে কৃষি জমিতে পানি সেচ প্রদানের সুয়োগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। ইজারাকৃত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

২২। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলমহাল সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৩। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বন্দোবস্ত গ্রহীতা সরকারি জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।

২৪। জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচগাছের সৃষ্টি করতে হবে, যা মাছ চাষের নিরাপদ আশ্রয় ভূমি হিসেবে গণ্য হবে।

২৫। বর্তমান প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

২৬। জলমহাল ইজারার আবেদন ফরম ৫০০/= (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আকারে জমা দিয়ে নিন্মস্বাক্ষরকারীর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।

২৭। জলমহাল বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর থেকে অফিস চলাকালীন জানা যাবে।

২৮ । যে সকল সমিতির বিরুদ্ধে সার্টিফিকেট মামলা রয়েছে এবং যে সকল সমিতির নিকট কোন জলশায়ের ইজারামূল্য পাওনা রয়েছে সে সকল সমিতি আবেদন করার অযোগ্য বলে গণ্য হবে ।

(প্রিয়াংকা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ফোন ঃ ০৮৬২৫-৭৫০০২
email:unorajnagar@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৮০.০০৪.০২.০০৫.১৬ তারিখঃ /০৩/২০১৭খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-৩ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজনগর।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজনগর।
৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর।

অনুলিপি ঃ অবগতি ও বহুল প্রচারের জন্য ।

৭. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/বড়লেখা/কুলাউড়া/জুড়ী, মৌলভীবাজার।
৮. সহকারী কমিশনার (ভূমি), রাজনগর/মৌলভীবাজার সদর/শ্রীমঙ্গল/কমলগঞ্জ/বড়লেখা/কুলাউড়া/জুড়ী, মৌলভীবাজার।
৯. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
১০. উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . .কর্মকর্তা (সকল), রাজনগর।
১১. উপজেলা সমাজসেবা/সমবায় অফিসার, রাজনগর। বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেডকে অবহিত করতে অনুরোধ করা হলো।
১২. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট। বিজ্ঞপ্তিটি স্থানীয় সংবাদ বুলেটিনে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩. সম্পাদক," দৈনিক যুগান্তর " ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ভিতরের পাতায় শর্তাবলী ব্যতীত একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।
১৪. চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . (সকল) ইউ, পি, রাজনগর। বিজ্ঞপ্তিটি মাইক ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, . . . . . . . . . . . . . . . . (সকল), রাজনগর। বিজ্ঞপ্তিটি মাইক ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬. জনাব/বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ..।
১৭. নোটিশ বোর্ড, অত্রাফিস ।

উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার